রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ৪৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৪, ২০১৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৯৯—৭১৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩২১—১৪১৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৭১—১৩৮৯ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ৩১-৩-১৩ ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | ১—১০ |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**প্রকল্প ব্যবস্থাপনা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ শ্রাবণ ১৪২০/১১ আগস্ট ২০১৩

নং ৫৩.০১০.০১৪.০০.০০.২৬০/২০০৪(১)-৩০০—প্রাক্তন সচিব জনাব এম. আই চৌধুরীকে সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)-এর সাধারণ পর্ষদ এর সদস্য পদে পরবর্তী ২ (দুই) বৎসর মেয়াদে সরকার নিয়োগ প্রদান করিল।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নেওয়াজ হোসেন চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**বীমা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ আগস্ট ২০১৩

নং ৫৩.০০৫.০১১.০১.০০.০২১.২০০৯-২৭৫—The Insurance Corporation Act, 1973 (Act No. VI of 1973) এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে জনাব এম. শামসুল আলমকে সাধারণ বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে আগামী ১৯-০৮-২০১৩ হইতে ৩১-১২-২০১৪ তারিখ পর্যন্ত সময়ের জন্য পুনঃনিয়োগ দেওয়া হইল।

২। জনস্বার্থে এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ সিদ্দিকুর রহমান**
সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

## অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)
### এডিবি-৪ অধিশাখা
### প্রজ্ঞাপন

তারিখ, ১৮ আগস্ট ২০১৩

**নং ০৯.৫১২.০২৪.০১.০৫.০০৫.২০১০-১৬১**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে বিদ্যুৎ বিভাগের আওতায় বাস্তবায়িতব্য BAN: Bangladesh-India Electrical Grid Interconnection Project (Additional Financing)-Composition of Bangladesh Delegation for Loan Negotiation (20 August 2013)-শীর্ষক প্রকল্পের জন্য বাংলাদেশ সরকার পক্ষে লোন নেগোসিয়েশনের লক্ষ্যে নিম্নোক্ত প্রতিনিধিদল গঠন করা হল ঃ

**দলনেতা**

(ক) জনাব সাইফুদ্দিন আহমদ, যুগ্ম-সচিব (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

**সদস্যবৃন্দ**

(খ) জনাব মোঃ নিয়াজুল হক, পরিচালক (যুগ্ম-সচিব), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়।

(গ) জনাব মোঃ নজরুল ইসলাম, যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

(ঘ) জনাব মোহাম্মদ মহিউদ্দীন, উপ-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

(ঙ) জনাব মহম্মদ রবিউল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(চ) জনাব মোঃ মাকসুদ আলম, সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন।

(ছ) কাজী আহসান শফিক, মহা-ব্যবস্থাপক (পিএন্ডডি), পিজিসিবি।

(জ) জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া, উপ-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

২। নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান :

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ২০ আগস্ট ২০১৩ | সকাল ৯:৩০ টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা। |

৩। উপরে বর্ণিত লোন নেগোসিয়েশন প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাঃ অলিউল্লাহ মিয়া**
উপ-সচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
### আইন ও বিচার বিভাগ
### বিচার শাখা-৬
### আদেশাবলী

তারিখ, ২৪ জুলাই ২০১৩

**নং আর-৬/৭এন-৫৪/২০১৩-৪৫৭**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব আশুতোষ দে, পিতা স্বর্গীয় এ্যাডভোকেট জনাব সুধাংশু রঞ্জন দেকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণ (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৪৪/২০১৩-৪৫৮**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কিশোরগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব শরফউদ্দিন ভূঞা (সবুজ), পিতা মরহুম আলহাজ্ব জনাব মোঃ ইদরিছ ভূঞাকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১ আগস্ট ২০১৩

**নং আর-৬/৭এন-৫৫/২০১৩-৪৭৪**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কুমিল্লা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ জহিরুল হক, পিতা মরহুম জনাব মোঃ ইউনুছ মুন্সীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ৫ আগস্ট ২০১৩

**নং আর-৬/৭এন-৪৮/২০১৩-৪৮৮**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিরাজগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব শিরিন আকতার, স্বামী জনাব আবু শামীম মোহাম্মদ আরিফ, পিতা মরহুম জনাব মোঃ ইলিয়াছ খানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

---

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ২৪ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-৪০/২০১৩-৬৪৮**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনি জনাব জীবন কৃষ্ণ চক্রবর্তী, পিতা পরেশ চন্দ্র চক্রবর্তী, গ্রাম নবীনগর, ডাকঘর বাউরা, উপজেলা পাটগ্রাম, জেলা লালমনিরহাটকে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৩৪/২০১৩-৬৪৯**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনি জনাব ভবতোষ রায়, পিতা মৃত আশুতোষ, গ্রাম গজারিয়া, ডাকঘর ফুলছড়ি, উপজেলা ফুলছড়ি, জেলা গাইবান্ধা-কে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৫৯/২০১২-৬৫০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনি জনাব শাহ মোতাছিম বিল্লাহ, পিতা শাহ মোহাম্মদ আব্দুল কাইউম, গ্রাম করিমপুর, ডাকঘর রামশ্রী, উপজেলা চুনারুঘাট, জেলা হবিগঞ্জ-কে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলার ৬নং চুনারুঘাট ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৫ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-৩/২০০২ (অংশ)-৬৫২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনি জনাব মোঃ আবুল কালাম আজাদ, পিতা মোঃ ইয়ামিন আলী, গ্রাম খাস বগদিয়া, ডাকঘর ধাওড়া, উপজেলা শৈলকুপা, জেলা ঝিনাইদহ-কে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার ৮নং ধলহরচন্দ্র ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৯ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-৫৭/২০০৪ (অংশ)-৬৬১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনি জনাব মোঃ আলা উদ্দিন, পিতা মৃত রহম আলী মন্ডল, গ্রাম আমিরপুর, ডাকঘর নীলমণিগঞ্জ, উপজেলা চুয়াডাঙ্গা, জেলা চুয়াডাঙ্গা-কে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চুয়াডাঙ্গা সদর উপজেলার ২নং মোমিনপুর ইউনিয়নের ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৩৭/২০০২-৬৬২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনি জনাব মোঃ আব্দুস সালাম, পিতা মোঃ শফিকুল ইসলাম, গ্রাম গোবিন্দপুর, ডাকঘর আলমডাঙ্গা, উপজেলা আলমডাঙ্গা, জেলা চুয়াডাঙ্গা-কে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা পৌরসভার ৬নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৩৭/২০০২-৬৬৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনি জনাব মোঃ ফারুক আহম্মেদ, পিতা মৃত মোঃ ইছাহক আলী, সাং নতিডাঙ্গা, ডাকঘর মুন্সিগঞ্জ, উপজেলা আলমডাঙ্গা, জেলা চুয়াডাঙ্গা-কে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার ৪নং বাড়াদী ইউনিয়নের ১, ২ ও ৩ নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

## নৌ-পরিবহন মন্ত্রণালয়

### বাস্তবক শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৭ শ্রাবণ ১৪২০/১ আগস্ট ২০১৩

**নং ১৮.০১৭.০০৬.০০.১৫.০০৩.২০১১-৩৩৬**—১৫ ডিসেম্বর, ২০১১ তারিখের ১৮.০১৭.০০৬.০০.০০.১৫.০০৩.২০১১.৪৬৭ স্মারক মতে বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের অধীনস্থ বন্দরসমূহের উন্নয়ন ও পরিচালনায় গতিশীলতা আনয়নের নিমিত্ত ভোমরা স্থল বন্দরের জন্য নিম্নরূপভাবে উপদেষ্টা কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) মাননীয় মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা, সাতক্ষীরা-২

(৩) সচিব, নৌ-পরিবহন, মন্ত্রণালয়

(৪) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

(৫) মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা

(৬) বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা

(৭) ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, খুলনা রেঞ্জ

(৮) কমিশনার অব কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, খুলনা

(৯) জেলা প্রশাসক, সাতক্ষীরা

(১০) পুলিশ সুপার, সাতক্ষীরা

(১১) যুগ্ম শ্রম পরিচালক, শ্রম পরিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা

(১২) উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর

(১৩) সভাপতি, এফ.বি.সি.সি.আই, ঢাকা

(১৪) সভাপতি, বাংলাদেশ সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, ঢাকা।

(১৫) সভাপতি/সাধারণ সম্পাদক, ভোমরা সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন।

(১৬) সভাপতি, সাতক্ষীরা প্রেস ক্লাব

(১৭) সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, সাতক্ষীরা।

(১৮) সভাপতি, আমদানী-রপ্তানীকারক সমিতি, ভোমরা, স্থলবন্দর।

(১৯) সভাপতি, বাংলাদেশ ট্রাক মালিক সমিতি, ঢাকা

(২০) প্রতিনিধি, ভোমরা হ্যান্ডলিং শ্রমিক ইউনিয়নসমূহ

**সদস্য-সচিব**

(২০) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ

২। এ উপদেষ্টা কমিটির কার্যপরিধি ও শর্তাবলী নিম্নরূপ ঃ

**কার্যপরিধি ঃ**

(ক) বন্দর ব্যবস্থাপনা ও উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন করা;

(খ) বন্দর পরিচালন ও কর্মসম্পাদন (Performance) পর্যালোচনা এবং বন্দর ব্যবহারকারীদের সাথে বন্দরের কার্যক্রম সম্পর্কে আলোচনা;

(গ) বন্দর ব্যবহারকারী ও বন্দরের সাথে সম্পর্কিত সরকারি দপ্তরসমূহের মধ্যে সমন্বয় সাধন ও প্রয়োজনীয় ক্ষেত্রে কার্যক্রম গ্রহণের সুপারিশ প্রণয়ন করা এবং পরামর্শ প্রদান করা;

(ঘ) বন্দর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সুবিধাদি ও সার্ভিসসমূহের পর্যালোচনা ও হালনাগাদ করার পদক্ষেপ গ্রহণের সুপারিশ করা; এবং

(ঙ) অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে সুপারিশকরণ।

**শর্তাবলী ঃ**

(ক) সভাপতির নির্দেশনা অনুসারে উপদেষ্টা কমিটির সভা অনুষ্ঠিত হবে;

(খ) কমিটি প্রয়োজনানুযায়ী যে কোন ব্যক্তি বা কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে;

(গ) কমিটির সভাপতি প্রয়োজনবোধে যে কোন সরকারি কর্মকর্তা ও বন্দরের যে কোন সদস্য/বিভাগ প্রধানকে বা অন্য কোন পর্যায়ের কর্মকর্তাকে সভায় বিশেষজ্ঞ সার্ভিস প্রদানের জন্য উপস্থিত রাখার ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. আছমা আক্তার জাহান**
উপ-সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**প্রশাসন শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ জুলাই ২০১৩

**নং শাখা-প্রশা-৬/খুউক-০২/৯৭/৫৪৫**—খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ১৯৬১ এর ৪(১) (আই) ধারা মোতাবেক সরকার খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের বোর্ড সভার সদস্য হিসেবে জনাব মোঃ আবুল কালাম আজাদ, পিতা মোঃ আহমেদ আলী খান, ঠিকানা ঃ ৩/৩, ইসলামীয়া জামে মসজিদ সড়ক, পশ্চিম টুটপাড়া, খুলনাকে মেয়াদ উত্তীর্ণ তারিখ হতে পুনঃ নিয়োগ প্রদান করলেন।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাজিয়া ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

**বাণিজ্য মন্ত্রণালয়**

**টিও-০১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তাখি, ১ শ্রাবণ ১৪২০/১৬ জুলাই ২০১৩

**নং বাম/টিও-১১(২৫)/০৪/৩০৩**—'ঠাকুরগাঁও জেলা চাউল কল মালিক গ্রুপ' নামীয় সংগঠনটি মন্ত্রণালয়ের টি.ও লাইসেন্সপ্রাপ্ত একটি বাণিজ্য সংগঠন, যার লাইসেন্স নং-০৫/২০০৫, তারিখ ১৩-০২-২০০৫।

যেহেতু, 'ঠাকুরগাঁও জেলা চাউল কল মালিক গ্রুপ' এর অনুকূলে টি.ও লাইসেন্স প্রদানের পর সাংগঠনিক কার্যক্রম বিধি মোতাবেক পরিচালিত না হওয়ায় কেন লাইসেন্স বাতিল করা হবে না তৎমর্মে মন্ত্রণালয় হতে গত ২০-০৫-২০১৩ তারিখে রেজিঃ ডাকযোগে কারণ দর্শানোর নোটিশ জারী করা হলে জবাব দাখিলে ব্যর্থ হয়;

যেহেতু, সংগঠনটির সদস্যদের টিআইএনযুক্ত কোন ভোটার তালিকা লাইসেন্স প্রদানের পর হতে মন্ত্রণালয়ে পাওয়া যায়নি, যা বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ৬ বিধির পরিপন্থী;

যেহেতু, সংগঠনটির অনুকূলে লাইসেন্স প্রদানের পর হতে বিধি মোতাবেক বার্ষিক অডিট প্রতিবেদন ও বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করার কোন তথ্যাদি বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ২৪ বিধি মোতাবেক অত্র মন্ত্রণালয়ে পাওয়া যায়নি;

যেহেতু, সংগঠনটির অনুকূলে লাইসেন্স প্রদানের পর হতে ৩০-০৬-২০০৯ তারিখে নির্বাচনী তথ্যাদি ব্যতিত কোন কার্যনির্বাহী কমিটির তালিকা মন্ত্রণালয়ে পাওয়া যায়নি;

যেহেতু, সংগঠনটি বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১, বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ ও লাইসেন্সে প্রদত্ত শর্ত প্রতিপালন না করে আইন ও বিধির ব্যত্যয় ঘটিয়ে নিজের মনগড়াভাবে পরিচালিত হয়ে আসছে;

যেহেতু, সংগঠনটি লাইসেন্স প্রদানকালীন সময় হতে উহার সকল আদর্শ, উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনে সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে;

সেহেতু, 'ঠাকুরগাঁও জেলা চাউল কল মালিক গ্রুপ' এর অনুকূলে মন্ত্রণালয় হতে প্রদানকৃত ১৩-০২-২০০৫ তারিখের ৫/২০০৫ নং লাইসেন্সটি বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ৪ ধারা এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ১১ বিধির প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা বাতিল করল।

**মাফরুহা সুলতানা**
পরিচালক, বাণিজ্য সংগঠন
ও
যুগ্ম-সচিব।

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**

**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ জুলাই ২০১৩

**নং ২৮.০০.০০০.০১১.১১.২১৬.১১-১০৫৪**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০১-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ নম্বর স্মারক অনুসারে জ্বালানী ও খনিজ সম্পদ

বিভাগের দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (প্রশাঃ/অপাঃ), জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

(৩) অর্থ মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে)।

**সদস্য-সচিব**

(৫) সংশ্লিষ্ট উপ-সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।

২। এ কমিটির কার্য পরিধি (Terms & Condition) নিম্নরূপ হবে ঃ

(ক) সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার শর্ত পূরণসাপেক্ষে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর-এর দশম, একাদশ, দ্বাদশ গ্রেডের ২য় শ্রেণীর কর্মকর্তা হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/ সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(খ) বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পরামর্শকরণ) প্রবিধানমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্মকমিশনের আওতাভুক্ত বিধায় ৩য় হতে ২য় শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারি কর্মকমিশনের আওতাভুক্ত। এ জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকবে।

৩। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের ২০-০২-২০১১ তারিখের ২৮.০১১.০১১.০১.০০২২৬.২০১০-৩৪২ নং প্রজ্ঞাপনটি এতদ্সঙ্গে বাতিল করা হলো।

৪। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাহেদ আলী**
উপ-সচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৭ জুলাই ২০১৩

**নং ৩৯.০১২.০০২.০১.০৩.০১৯.২০১৩-১৯৫**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের ফেলো বাছাইয়ের নিমিত্ত খাদ্য ও কৃষি বিজ্ঞান বিষয়ক কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) অধ্যাপক এ, কে, এম, সাইদুল হক চৌধুরী, উপাচার্য, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সোনাপুর, নোয়াখালী।

**সদস্যবৃন্দ**

(২) অধ্যাপক ড. সুলতান উদ্দিন ভূইয়া, কৃষিতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

(৩) অধ্যাপক ড. আখতার হোসেন চৌধুরী, কৃষি রসায়ন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

(৪) উপ-বৈজ্ঞানিক উপদেষ্টা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৫) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, শাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**নং ৩৯.০১২.০০২.০১.০৩.০১৯.২০১৩-১৯৬**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় ফেলোশিপ কর্মসূচীর আওতায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপে পূর্ববর্তী বছরে এম,ফিল ও পিএইচডিতে ফেলোশিপপ্রাপ্ত ফেলোদের নবায়নে সুপারিশ প্রদানের নিমিত্ত ফেলোশিপ নবায়ন কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান, পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) অধ্যাপক মনিরুজ্জামান খন্দকার, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৩) অধ্যাপক আজিজুর রহমান, মনোবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৪) উপ-বৈজ্ঞানিক উপদেষ্টা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৫) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, শাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**মোঃ সিদ্দিকুর রহমান**
সহকারী সচিব।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২ (অপারেশন)
### বিজ্ঞপ্তি

তারিখ, ৩ শ্রাবণ ১৪২০/১৮ জুলাই ২০১৩

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.০৭৯.২০১০-২২০**—১৯৫৫ সনের প্রজাস্বত্ত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | মৌজার নাম | জে.এল. নং |
|---|---|---|---|---|
| (১) | ফরিদপুর | ভাঙ্গা | হাসামদিয়া | ৩৭ |
| (২) | ফরিদপুর | ভাঙ্গা | চৌকিঘাটা | ৭৪ |
| (৩) | ফরিদপুর | সদরপুর | চর গজারিয়া | ৫৩ |
| (৪) | ফরিদপুর | মধুখালী | জগন্নাথদী | ৪৫ |
| (৫) | ফরিদপুর | মধুখালী | আড়পাড়া | ১২ |
| (৬) | রাজবাড়ী | পাংশা | দত্ত মাঝাইল | ১০৭ |
| (৭) | রাজবাড়ী | পাংশা | লোহা বাড়িয়া | ১২৫ |
| (৮) | রাজবাড়ী | পাংশা | কালিনগর | ২৬৪ |
| (৯) | রাজবাড়ী | পাংশা | পাচুরিয়া | ৩১৫ |
| (১০) | রাজবাড়ী | পাংশা | ছোট কলকলিয়া | ২৪০ |
| (১১) | রাজবাড়ী | পাংশা | আন্দুলিয়া | ১০৫ |
| (১২) | রাজবাড়ী | পাংশা | বিলশ্যাম সুন্দরপুর | ২৫২ |
| (১৩) | গোপালগঞ্জ | মুকসুদপুর | মাঝিগাতি | ৪০ |
| (১৪) | গোপালগঞ্জ | মুকসুদপুর | রামচন্দ্রপুর | ১৮ |
| (১৫) | গোপালগঞ্জ | কাশিয়ানী | ঘুগলিয়া | ১০৫ |
| (১৬) | গোপালগঞ্জ | কাশিয়ানী | কড়িগ্রাম | ১৪১ |
| (১৭) | গোপালগঞ্জ | কাশিয়ানী | সোনাডাঙ্গা | ৮২ |
| (১৮) | শরিয়তপুর | নড়িয়া | নওগাঁও | ৪২ |
| (১৯) | মাদারীপুর | কালকিনি | বিদ্যাবাগীস | ১১৪ |
| (২০) | মাদারীপুর | কালকিনি | দক্ষিণ আকাল বরিস | ১২৯ |
| (২১) | মাদারীপুর | কালকিনি | চর লক্ষ্মীপুর | ১১২ |
| (২২) | মাদারীপুর | কালকিনি | চর কাতলা | ১৪৩ |
| (২৩) | মাদারীপুর | শিবচর | সানকির চর | ৪৯ |
| (২৪) | মাদারীপুর | শিবচর | পূর্ব কাচিকাটা | ৬৪ |
| (২৫) | মাদারীপুর | শিবচর | চর কেশবপুর | ৬৭ |
| (২৬) | মাদারীপুর | শিবচর | ছোট বাহাদুরপুর | ৮০ |

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

---

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
## শাখা সেল
### প্রজ্ঞাপন

তারিখ, ৩১ জুলাই ২০১৩

**নং মশিবিম/শা-সেল-৭/৯৯(অংশ-১)-৩৫০**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ (১) ধারা মোতাবেক জনাব এ, কে, এম, এ আউয়াল সংসদ সদস্য ১২৭ পিরোজপুর-১ বাংলাদেশ জাতীয় সংসদ এর সুপারিশের প্রেক্ষিতে পিরোজপুর

জেলা জাতীয় মহিলা সংস্থার কমিটিতে চেয়ারম্যান হিসেবে ফেরদৌস জাহানের পরিবর্তে শাহিদা বারেককে অন্তর্ভুক্ত করে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার পিরাজপুর জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | নাম | পরিচিতি | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | শাহিদা বারেক, স্বামী আঃ বারেক শেখ | বিশিষ্ট সমাজসেবী, শাহিদা ভবন, সি আই পাড়া, পিরোজপুর। | চেয়ারম্যান |
| (২) | জনাব লায়লা ইরাদ, স্বামী আলহাজ্ব এ, কে,এম, এ, আউয়াল। | সাবেক সদস্য ও সাবেক সভানেত্রী, জাতীয় মহিলা সংস্থা, পিরোজপুর। | সদস্য |
| (৩) | জনাব মাহমদা হেনা, স্বামী আব্দুল হালিম সরদার। | বিশিষ্ট সমাজসেবী। | সদস্য |
| (৪) | জনাব নূরজাহান হোসেন, স্বামী মোশাররফ হোসেন। | সহ-সভানেত্রী, মহিলা পরিষদ ও সাবেক সদস্য, জাতীয় মহিলা সংস্থা, পিরোজপুর। | সদস্য |
| (৫) | জনাব ফেরদৌস জাহান, স্বামী এ্যাডভোকেট এম, মতিউর রহমান। | সভাপতি ম্যানেজিং কমিটি, বালিপাড়া ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়, জিয়ানগর ও বিশিষ্ট সমাজসেবী। | সদস্য |

২। উপরে উল্লিখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের শাহিদা বারেক উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ২৮-০৩-২০১৩ তারিখ হতে দুই বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ লোকমান আহাম্মদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**মৎস্য-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ জুলাই ২০১৩

**নং মপ্রাম/ম-৪/নিয়োগ(নিয়মিতকরণ)/৩৭/২০০৫ (অংশ-২)-২৮৬**—এ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন চট্টগ্রামস্থ মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম শীর্ষক সমাপ্ত প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ৪ (চার) টি পদ ০১-০৬-২০১৩ তারিখ থেকে স্থায়ীকরণে নির্দেশিত হয়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০০৯) | পদের সংখ্যা |
|---|---|---|---|
| (১) | ইন্সস্ট্রাক্টর (মেরিন) | ১৮৫০০—২৯৭০০ | ১ (এক) টি |
| (২) | মেডিকেল অফিসার কাম ইন্সস্ট্রাক্টর | ১১০০০—২০৩৭০ | ১ (এক) টি |
| (৩) | জুনিয়র ইন্সস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল) | ১১০০০—২০৩৭০ | ১ (এক) টি |
| (৪) | জুনিয়র ইন্সস্ট্রাক্টর (মেরিন) | ১১০০০—২০৩৭০ | ১ (এক) টি |

২। উপরোক্ত পদসমূহের বেতন ভাতাদিসহ যাবতীয় ব্যয় মেরিন ফিশারিজ একাডেমীর কোড নং "৩-৪৪৩২-০০০১" হতে মিটানো হবে।

৩। এতে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সম্মতি এবং এ মন্ত্রণালয়ের দায়িত্ব নিয়োজিত মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

**এ, কে, এম ফজলুল হক**
উপ-সচিব।

**প্রাণিসম্পদ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ শ্রাবণ ১৪২০/২৮ জুলাই ২০১৩

**নং মপ্রাম/প্রাস-২/চিড়িয়া-১/২০০৯/২৭৮**—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির **১** নং সাব-কমিটি কর্তৃক ২৯-০৭-২০০৯ তারিখে ঢাকা চিড়িয়াখানা সরেজমিনে পরিদর্শনপূর্বক দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী ০৫-০৯-২০১২ তারিখে গঠিত চিড়িয়াখানার সার্বিক উন্নয়ন সংক্রান্ত তদারকি কমিটি নিম্নবর্ণিতভাবে পুনর্গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) কে, এফ, এম, জেসমীন আখতার, উপ-সচিব (প্রাস-২), মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তর।

**সদস্যবৃন্দ**

(২) উপ-পরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর

(৩) উপ-পরিচালক (বাজেট), প্রাণিসম্পদ অধিদপ্তর

(৪) সিভিও, কেন্দ্রীয় পশু হাসপাতাল

(৫) সিনিয়র সায়েন্টিফিক অফিসার, এনিম্যাল রিয়ারিং শাখা, মহাখালী।

কমিটি প্রতি মাসে অন্ততঃ একবার চিড়িয়াখানার সার্বিক উন্নয়ন ও কর্মকাণ্ড পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে, এফ, এম, জেসমীন আখতার**
উপ-সচিব।

---

**যোগাযোগ মন্ত্রণালয়**
**সড়ক বিভাগ**
**ডিএফডিপি অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ শ্রাবণ ১৪২০/২৩ জুলাই ২০১৩

**নং ৩৫.০০.০০০০.০২৯.১৪.০৪৭.১৩-৪২৪**—যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের অধীন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে গাজীপুর পর্যন্ত ২০ কিলোমিটার দীর্ঘ BRT বাস্তবায়নের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট) শীর্ষক প্রকল্প অন্তর্ভুক্ত এলাকায় Utility Service প্রদানকারী সংস্থা/প্রতিষ্ঠানের সমন্বয়ে নিম্নোক্তভাবে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

(১) যুগ্ম সচিব (উন্নয়ন), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয়)।

(৩) বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়)।

(৪) ঢাকা নর্থ সিটি কর্পোরেশনের প্রতিনিধি (তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার নিম্নে নয়)।

(৫) গাজীপুর সিটি কর্পোরেশনের প্রতিনিধি (তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার নিম্নে নয়)।

(৬) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রতিনিধি (তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার নিম্নে নয়)।

(৭) Power Grid Company of Bangladesh এর প্রতিনিধি (জিএম পদমর্যাদার নিম্নে নয়)।

(৮) Dhaka Electricity Supply Co. Ltd. (DESCO) এর প্রতিনিধি (তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার নিম্নে নয়)।

(৯) Rural Electrification Boad (REB) এর প্রতিনিধি (তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার নিম্নে নয়)।

(১০) মহাব্যবস্থাপক, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি।

(১১) TITAS Gas Transmission and Distribution Co. Ltd. (TGTD) এর প্রতিনিধি (মহাব্যবস্থাপক পদমর্যাদার নিম্নে নয়)।

(১২) Gas Transmission Co. Ltd. (GTCD) এর প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়)।

(১৩) Dhaka Water Supply and Sewerage Authority (DWASA) এর প্রতিনিধি (প্রধান প্রকৌশলী পদমর্যাদার নিম্নে নয়)।

(১৪) Bangladesh Telecommunications Company Ltd. (BTCL) এর প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়)।

**সদস্য-সচিব**

(১৫) প্রকল্প পরিচালক, গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (সওজ অংশ)।

**কার্যপরিধি :**

(ক) কমিটি গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট) এর এলাইনমেন্টে অবস্থিত ইউটিলিটিসমূহ দ্রুত অপসারণের বিষয়ে সমস্যা সমাধানের সুপারিশ প্রদান করবে;

(খ) কমিটি ইউটিলিটিসমূহ দ্রুত অপসারণের জন্য যে সকল পদক্ষেপ গ্রহণ জরুরি সে বিষয়ে যথাযথ সুপারিশ প্রদান করবে;

(গ) এতদবিষয়ে অন্য প্রয়োজনীয় উদ্যোগ এর প্রয়োজন হলে, তা গ্রহণ করবেন।

কমিটি প্রয়োজনবোধে আরো এক বা একাধিক সদস্য কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নুরুল আমিন**
উপ-সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**

**অধিশাখা-৭ (কলেজ-২)**

**আদেশ**

তারিখ, ০৪ আগস্ট ২০১৩

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২১.১২-৪১৩**—যেহেতু, জনাব মোঃ আব্দুর রাজ্জাক (২৩৯৭) সহকারী অধ্যাপক (গণিত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত সরকারি এ এইচ জেড ডিগ্রী কলেজ, জামালপুর এর বিরুদ্ধে ক্রমাগতভাবে সরকারি চাকুরি শৃঙ্খলা ও আচরণ পরিপন্থি কার্যকলাপের অভিযোগ উত্থাপিত হয়ে আসছে এবং ইতোমধ্যে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী বিভাগীয় মামলা রুজু হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ আব্দুর রাজ্জাককে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতা পাবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ শ্রাবণ ১৪২০/০৪ আগস্ট ২০১৩

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-২৮/২০১২/১৭২**—যেহেতু, জনাব মোঃ রফিকুল আলম, উপজেলা শিক্ষা অফিসার (সাময়িক বরখাস্ত), পত্নীতলা, নওগাঁ-এর বিরুদ্ধে একই উপজেলার পলিপাড়া রেজিঃ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা বেগম শাকুরা জাহান বিজ্ঞ নারী শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, নওগাঁয় একটি যৌন নিপীড়ন মামলা (মামলা নং ১৪৪/১২) দায়ের করেন। তিনি বিজ্ঞ আদালতে হাজির হয়ে জামিন লাভ করার কারণে মন্ত্রণালয়ের ১৭ মে, ২০১২ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা ২৮/২০১২/২৭১ নং প্রজ্ঞাপনমূলে ৩০-০৪-২০১২ তারিখ থেকে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়; এবং

যেহেতু, পরবর্তীতে একই বিষয়ে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, তিনি কৈফিয়তের লিখিত জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করার প্রেক্ষিতে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আদালতে ফৌজদারী মামলা চলমান থাকায় তার বিভাগীয় কার্যক্রম স্থগিত রাখা হয়; এবং

যেহেতু, তার বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলায় বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনালে দায়েরকৃত ফৌজদারী মামলায় তিনি বেকসুর খালাস পেয়েছেন এবং তার বিরুদ্ধে মিথ্যা ও হয়রানীমূলক মামলা দায়ের করা হয়েছে মর্মে উল্লেখ আছে; এবং

যেহেতু, তিনি ফৌজদারী মামলা হতে খালাস পাওয়ায় তাঁর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহারপূর্বক চাকুরীতে পুনর্বহালের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, অত্র মন্ত্রণালয় থেকে জারিকৃত ১৭ মে, ২০১২ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-২৮/২০১২/২৭১ নং প্রজ্ঞাপনমূলে সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহারপূর্বক জনাব মোঃ রফিকুল আলমকে স্বীয় পদে চাকুরীতে পুনর্বহাল করা হ'ল এবং এ মন্ত্রণালয়ের ১৭ মে, ২০১২ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-২৮/২০১২/২৭২ নং স্মারকমূলে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আখতার হোসেন**
সচিব।

---

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ শ্রাবণ ১৪২০/১৩ আগস্ট ২০১৩

**নং ৪৮.০০.০০০০.০০২.৩৪.০০২.১২-৪৩**—বাংলাদেশের মহান মুক্তিযোদ্ধে অসীম সাহসিকতা ও বীরত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ যেসব মুক্তিযোদ্ধা খেতাবে (বীর শ্রেষ্ঠ, বীর উত্তর, বীর বিক্রম, বীর প্রতীক) ভূষিত হয়েছেন, সেসব খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদেরকে মাসিক নিম্নোক্ত হারে ভাতা প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে :

(ক) বীর শ্রেষ্ঠ ১২, ০০০ টাকা

(খ) বীর উত্তম ১০,০০০ টাকা

(গ) বীর বিক্রম ৮,০০০ টাকা

(ঘ) বীর প্রতীক ৬,০০০ টাকা

২। সশস্ত্র বাহিনীসহ অন্যান্য নিয়মিত বাহিনীর খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের ভাতা স্ব স্ব বাহিনীর মাধ্যমে এবং বেসামরিক খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের ভাতা বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের মাধ্যমে বিতরণ করা হবে।

৩। খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদান নীতিমালা, ২০১৩ অনুযায়ী খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদেরকে উক্ত ভাতা প্রদান করা হবে।

৪। ইহা ১লা জুলাই ২০১৩ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশীষ কুমার সাহা**
উপ-সচিব।

## শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
## শাখা-১০

### অফিস আদেশ

তারিখ, ১৪ আগস্ট ২০১৩

**নং শ্রকম/শাখা-১০/অফিযোগ-২/০৯(অংশ-১)-৪২৪**—যেহেতু, জনাব মোঃ আমিনুল হক, উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) ধারায় অভিযোগ আনয়ন করে একই বিধির ১১(১) ধারায় সাময়িক বরখাস্ত করা হয়।

যেহেতু উপরোক্ত অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করতঃ ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়েছে। ব্যক্তিগত শুনানীতে জনাব মোঃ আমিনুল হক কৃত অপরাধের জন্য নিঃশর্ত ক্ষমা প্রার্থনা ও ভবিষ্যতে সতর্ক থাকার লিখিত ও মৌখিক অঙ্গীকার প্রদান করেছেন।

সেহেতু, জনাব মোঃ আমিনুল হক, উপ-প্রধান পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর, ঢাকা-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো এবং সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

**মিকাইল শিপার**
সচিব।

---

## সমাজকল্যাণ মন্ত্রণালয়
## প্রশাসন-৪ অধিশাখা

### অফিস আদেশ

তারিখ, ২৭ আষাঢ় ১৪২০/১১ জুলাই ২০১৩

**নং ৪১.০৩৬.০০১.০০০০.০৪১.২০১২-২৩৫**—যেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান, উপজেলা সমাজবেসা অফিসার, মোল্লাহাট, বাগেরহাট (পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, মংলা, বাগেরহাট) এর বিরুদ্ধে উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট ও উপজেলা নির্বাহী অফিসার, মংলা, বাগেরহাট বিভিন্ন অনিয়মের অভিযোগ আনয়ন করেন;

যেহেতু, মোঃ মাহাবুবুর রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে সমাজসেবা অধিদফতর দুই সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে। কমিটি তদন্ত শেষে প্রতিবেদন দাখিল করে। তদন্তে মোঃ মাহাবুবুর রহমান এর বিরুদ্ধে মংলা উপজেলায় কর্মকালীন সময়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর জাল করে, ঋণ বিতরণ রেজিস্টারে ভুয়া নাম দেখিয়ে, উৎকোচ গ্রহণ করে এবং নারী কেলেংকারীর ঘটনা ধামাচাপা দিতে গিয়ে দুর্নীতির মাধ্যমে ১৭ জন ব্যক্তিকে ক্ষুদ্রঋণের ১৫,৩৫,০০০ টাকা প্রদান করেছেন যা আদায়যোগ্য নয় এবং চেকের মাধ্যমে ৩,৫৮,০০০ টাকা উত্তোলন পূর্বক ঋণ বিতরণের রেজিস্টারে ভূয়া নাম দেখিয়ে নিজে আত্মসাৎ করেন মর্মে আনীত অফিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, মোঃ মাহাবুবুর রহমান এর বিরুদ্ধে বাগেরহাট জেলার মংলা উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা স্মারক নং উনিঅ/মোং/২০১৩-৩২৪/১(৫) তারিখ ২৮-৪-২০১৩ মূলে জানিয়েছেন। ২৫-০৪-২০১১, তারিখে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির পল্লী সমাজকর্ম পর্ব ৪ ও ৫ (আর.এস.এস প্রকল্প) রেজুলেশন খাতা নং ১ এ সভা দেখিয়ে ১,৬৫,০০০ টাকা এবং গত ২৬-০৭-২০১১ তারিখে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির পল্লী সমাজকর্ম পর্ব ৪ ও ৫ (আর,এস,এস প্রকল্প) রেজুলেশন খাতা নং ১ এ সভা দেখিয়ে কমিটির সকল সদস্যের স্বাক্ষর জাল করে ১০ জনের নামে ৫০,০০০ টাকাসহ সর্বমোট ২,১৫,০০০ টাকা অবৈধভাবে উত্তোলন করেছেন;

সেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার, মোল্লাহাট, বাগেরহাট (পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, মংলা, বাগেরহাট) এর অপরাধের গুরুত্ব বিবেচনায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১ মোতাবেক সাময়িক বরখাস্ত করা হলো এবং তার বিররুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণের জন্য মহাপরিচালক, সমাজসেবা অধিদফতরকে অনুরোধ করা হলো।

২। তিনি প্রচলিত নিয়মে সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতা পাবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সুরাইয়া বেগম,** এনডিসি
সচিব।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## কারা অধিশাখা-২

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২১ শ্রাবণ ১৪২০/৫ আগস্ট ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৫১**—পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৩ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষতাবলে সরকার ঢাকা কেন্দ্রিয় কারাগার, ঢাকা এ আটক নিম্নবর্ণিত কয়েদির আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদি নং ৯৬২০/এ মোঃ দুলাল, পিতা-মৃত মুনসুর @ মনছের আলী, বয়স-৩৩ বছর।

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৫২**—পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৩ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষতাবলে সরকার কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রিয় কারাগার, গাজীপুর এ আটক নিম্নবর্ণিত কয়েদির আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদি নং ১২৭৭/এ রুমন মিয়া প্রকাশ জগত, পিতা-মহরম মিয়া, বয়স-২৬ বছর।

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৫৩**—পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৩ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার

গাজীপুর জেলা কারাগার, গাজীপুর এ আটক নিম্নবর্ণিত কয়েদির আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদি নং ৬৯৪৮/এ মোঃ মকবুল হোসেন, পিতা-মোঃ আফছার উদ্দিন, বয়স-৫৫ বছর (আনুঃ)।

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৫৪**—পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৩ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার গোপালগঞ্জ জেলা কারাগার, গোপালগঞ্জ এ আটক নিম্নবর্ণিত কয়েদিদের আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদি নং ৪৪০৯/এ মোঃ রফিকুর রহমান (নান্নু), পিতা-মৃত আঃ হামিদ শেখ, বয়স ৪০ বৎসর।

(২) কয়েদি নং ৫০৬২/এ বরকত শেখ, পিতা-আঃ মাজেদ শেখ, @ মাজা কবিরাজ, বয়স ৩৩ বৎসর।

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৫৫**—পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৩ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কিশোরগঞ্জ জেলা কারাগার, কিশোরগঞ্জ এ আটক নিম্নবর্ণিত কয়েদিদের আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদি নং ৯০২৯/এ মোঃ ফারুক, পিতা-মৃত আঃ আজিজ @ শান্ত, বয়স ৪০ বৎসর (আনুঃ)।

(২) কয়েদি নং ৯০৮৯/এ মোঃ ফরহাদ মিয়া, পিতা-আকিজ উদ্দিন, বয়স ৪০ বৎসর (আনুঃ)।

(৩) কয়েদি নং ৯৩৫৩/এ মোঃ রেনু মিয়া, পিতা সাহেদ আলী, বয়স ২৭ বৎসর (আনুঃ)।

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৫৬**—পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৩ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার নারায়ণগঞ্জ জেলা কারাগার, নারায়ণগঞ্জ এ আটক নিম্নবর্ণিত কয়েদির আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদি নং ৯২৪৬/এ জয়নাল আবেদীন কাজী @ জাহিদ, পিতা হামিল উদ্দিন কাজী, বয়স ৩৫ বৎসর।

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৫৭**—পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৩ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার নেত্রকোণা জেলা কারাগার, নেত্রকোণা এ আটক নিম্নবর্ণিত কয়েদির আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদি নং ৬৭৩৪/এ, মোহাম্মদ আলী, পিতা-মৃত মারফত আলী, বয়স ২৯ বৎসর।

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৫৮**—পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৩ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার জামালপুর জেলা কারাগার, জামালপুর এ আটক নিম্নবর্ণিত কয়েদির আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদি নং ৯৪৮৯/এ সুমন মিয়া, ড্রাইভার, পালক পিতা-শফিক-উদ্দীন, বয়স ২৫ বৎসর।

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৫৯**—পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৩ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কুষ্টিয়া জেলা কারাগার, কুষ্টিয়া এ আটক নিম্নবর্ণিত কয়েদির আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদি নং ৭৪৮৩/এ মোঃ আবুল কালাম আজাদ, পিতা মৃত আঃ হামিদ সরদার, বয়স ৩৬ বছর।

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৬০**—পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৩ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার বাগেরহাট জেলা কারাগার, বাগেরহাট এ আটক নিম্নবর্ণিত কয়েদির আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদি নং-১১৯৩/এ আঃ জলিল মোল্যা, পিতা-মৃত জহুর মোল্যা, বয়স ৬০ বছর।

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৬১**—পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৩ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার চট্টগ্রাম

জেলা কারাগার, চট্টগ্রাম এ আটক নিম্নবর্ণিত কয়েদির আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদি নং-১৮৮৯/এ এম. এইচ. আর. সাকের উল্লাহ (সাগর), পিতা-রেহেন আলী, বয়স ২০ বছর (আনুঃ)।

(২) কয়েদি নং-২৪৮৬/এ মোঃ আরিফ, পিতা মোঃ সেলিম, বয়স ১৭ বছর (আনুঃ)।

(৩) কয়েদি নং-২৫২৪/এ শহীদুল ইসলাম, পিতা হাজী আলী আহাম্মদ, বয়স ২৮ বছর (আনুঃ)।

(৪) কয়েদি নং-২৫৭০/এ মোঃ মুছা, পিতা আঃ কাদের, বয়স ৪০ বছর (আনুঃ)।

(৫) কয়েদি নং-১৬৭৪/এ গোলামুর রহমান @ বাদশা, পিতা আঃ শুক্কুর, বয়স ৩২ বছর (আনুঃ)।

(৬) কয়েদি নং-৯৯৩৪/এ মোঃ আজিজুর রহমান, পিতা হোছন আহাম্মদ, বয়স ৩২ বছর (আনুঃ)।

(৭) কয়েদি নং-২০১৬/এ মুহাঃ আঃ হামিদ, পিতা মোহাঃ ইলিয়াছ, বয়স ২৯ বছর (আনুঃ)।

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৭৫**—পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৩ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার রাজশাহী কেন্দ্রিয় কারাগার, রাজশাহী এ আটক নিম্নবর্ণিত কয়েদির আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

অচল, অক্ষম, দৃষ্টি-শক্তি নষ্ট বা প্রায় অকেজো হয়ে গেছে, দুরারোগ্য মরণব্যাধিতে আক্রান্ত মুক্তিযোগ্য দণ্ডপ্রাপ্ত বন্দিঃ

(১) কয়েদি নং ১৫০৭/এ গোলাম মোস্তফা পাচু, পিতা-হাজী আরশেদ আলী, বয়স ৬৫ বৎসর।

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জহুরুল ইসলাম রোহেল**
উপ-সচিব।

**[একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত]**

**আইন অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ কার্তিক ১৪১৯/২৫ অক্টোবর ২০১২

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০২.২০১১-১৪৯৫**—গত ৩০-০৯-২০১২ তারিখে মোঃ নুরুল ইসলাম মোল্লা (৫৯), পিতা-মৃত হাতেম আলী মোল্লা, সাং-বড় মাছুয়া, থানা-মঠবাড়ীয়া, জেলা-পিরোজপুর'কে মঠবাড়ীয়া থানা পুলিশ ফৌজদারি কার্যবিধি ৫৪ ধারায় গ্রেফতার করে বিজ্ঞ আদালতে সোপর্দ করিয়াছেন। উক্ত আসামী বিভিন্ন সময় মঠবাড়ীয়া থানার বিভিন্ন এলাকাসহ বড় মাছুয়া এলাকায় মানবতা বিরোধী যুদ্ধাপরাধী মামলার আসামী দেলাওয়ার হোসাইন সাঈদীর কারামুক্তির জন্য হ্যান্ডবিল বিলি করিয়াছেন ও কতিপয় যুবক শ্রেণীর লোকজনদের নিয়া সংগঠন করিয়া বড় ধরনের অপরাধ সৃষ্টি, আইন-শৃংখলা ব্যাহত করার অপচেষ্টা এবং বিভিন্ন নিষিদ্ধ রাজনৈতিক দলের ছত্রছায়ায় দেশের আইন-শৃংখলা অবনতির কৌশল অবলম্বনের জন্য ষড়যন্ত্র করিতেছে। এই সংক্রান্তে উল্লিখিত আসামী দণ্ডবিধি আইনের ১২০-খ ধারায় অপরাধ করিয়াছেন। বর্ণিতাবস্থায়, উল্লিখিত আসামীর বিরুদ্ধে দণ্ডবিধি'র ১২০-খ ধারায় মামলা রুজু করার জন্য ফৌজদারি কার্যবিধির ১৯৬(ক) ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপ-সচিব।

**স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ শাখা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৪ আগস্ট ২০১৩

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০৬.২০১৩-৪৯৪**—যেহেতু, জনাব মোঃ শরিফুল ইসলাম, উপজেলা সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, গাংনী, মেহেরপুর (বদলীকৃত কর্মস্থলঃ সদর, খাগড়াছড়ি) গাংনী উপজেলার উপজেলা প্রকৌশলী হিসেবে কর্মরত থেকে কুষ্টিয়ার বিভিন্ন স্কুল ও কলেজ পড়ুয়া ছাত্রীদের সাথে অবৈধ যৌন সম্পর্কে লিপ্ত হয়েছেন এবং গোপন ক্যামেরার মাধ্যমে ধারণকৃত তাঁর উক্ত অনৈতিক কার্যকলাপের ভিডিও ফুটেজ ইন্টারনেট ও মোবাইল ফোনে ছড়িয়ে দিয়ে এলজিইডি তথা সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করেছেন;

যেহেতু, তিনি ০৪-০৭-২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং তাঁর অবস্থান সম্পর্কে কর্তৃপক্ষকে অবহিত করেননি ;

যেহেতু, তাঁর এ জাতীয় কর্মকাণ্ডের কারণে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়ায় সরকার তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এক্ষণে সেহেতু, জনাব মোঃ শরিফুল ইসলাম, উপজেলা সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, গাংনী, মেহেরপুর (বদলীকৃত কর্মস্থলঃ সদর, খাগড়াছড়ি) কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক অনুপস্থিতির তারিখ হতে (০৪-০৭-২০১৩) সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

প্রচলিত নিয়ম মোতাবেক তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে, খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

তারিখ, ১৪ আগস্ট ২০১৩

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০২১.২০১২-৫১৭**—যেহেতু, জনাব মোঃ মাজহারুল আলম, ল্যাবরেটরী টেকনিশিয়ান (বাধ্যতামূলক অবসরদানের গুরুদণ্ডপ্রাপ্ত), নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, পটুয়াখালী কুমিল্লা জেলার এলজিইডির নির্বাহী

প্রকৌশলীর কার্যালয়ে ল্যাবরেটরী টেকনিশিয়ান হিসেবে কর্মরত থাকাকালীন বিভিন্ন উন্নয়নমূলক কাজের টেস্ট ফি বাবদ প্রাপ্ত অর্থ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য সরকারি নির্দেশনা থাকা সত্ত্বেও তিনি উক্ত নির্দেশনা অমান্য করে বিধি বহির্ভূতভাবে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুমিল্লা শিরোনামে ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ কুমিল্লা শাখায় ০১৫০১৩১০০০০০০৩২২ নম্বর সঞ্চয়ী হিসাব খুলে সেখানে জমা করতেন; এবং

যেহেতু, জনাব মোঃ মাজহারুল আলম ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, কুমিল্লা শাখার ০২-১২-২০১২ তারিখে প্রদত্ত স্টেটমেন্ট অনুযায়ী দেখা যায়, তিনি ২২-০৯-২০১০ হতে ১৭-০৯-২০১২ তারিখ পর্যন্ত টেস্ট ফি বাবদ ৩৮,৯৪,৭৩৫/১৩ (আটত্রিশ লক্ষ চুরানব্বই হাজার সাতশ পঁয়ত্রিশ টাকা তের পয়সা) বর্ণিত সঞ্চয়ী হিসাবে জমা প্রদান করেন এবং কোন প্রকার বিল-ভাউচার ব্যতিরেকে উক্ত অর্থ উত্তোলন করে ১৭-০৯-২০১২ তারিখে হিসাবটি বন্ধ করে দেন ; এবং

যেহেতু, জনাব মোঃ মাজহারুল আলম টেস্ট ফি বাবদ প্রাপ্ত অর্থের কোন রেজিস্টার খাতা, ক্যাশ বহি, চেক বহি ও নথি-পত্র সংরক্ষণ করেননি; এবং

যেহেতু, জনাব মোঃ মাজহারুল আলম টেস্ট ফি বাবদ প্রাপ্ত অর্থের বৎসর ওয়ারী অডিট সম্পাদন না করিয়ে গুরুতর আর্থিক অনিয়ম করেছেন; এবং

যেহেতু, জনাব মোঃ মাজহারুল আলম উন্নয়নমূলক কাজের টেস্ট ফি বাবদ প্রাপ্ত অর্থের রেজিস্টার ক্যাশ বহি, চেক বহি ও নথি-পত্র সংরক্ষণ না করে এবং উক্ত অর্থ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান না করে সরকারি নিষেধাজ্ঞা অমান্যকরতঃ বাণিজ্যিক ব্যাংকে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুমিল্লা শিরোনামে সঞ্চয়ী হিসাব খুলে টেস্ট ফি বাবদ প্রাপ্ত ৩৮,৯৪,৭৩৫/১৩ (আটত্রিশ লক্ষ চুরানব্বই হাজার সাতশ পঁয়ত্রিশ টাকা তের পয়সা) টাকা বর্ণিত সঞ্চয়ী হিসাবে জমা প্রদান করেন, যা কর্তৃপক্ষের দৃষ্টিতে আসলে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি কুমিল্লা ৩০-১২-২০১২ তারিখে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করেন; এবং

যেহেতু, জনাব মোঃ মাজহারুল আলম এর বিরুদ্ধে উপরোক্ত অভিযোগে এলজিইডি হতে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে ০৯-০৫-২০১৩ তারিখের এলজিইডি/সিই/ই-৮৭/২০১২/৩৫০৪ নম্বর স্মরকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩) (বি) মোতাবেক বাধ্যতামূলক অবসরদান এর গুরুদণ্ড আরোপ করা হয়; এবং

যেহেতু, কুমিল্লা জেলার এলজিইডির তৎকালীন নির্বাহী প্রকৌশল জনাব হারুন-অর-রশীদ এর বিরুদ্ধে একই বিষয়ে আনীত অভিযোগে এ বিভাগের ২৮-০২-২০১৩ তারিখের ৪৬.০৬৭.০০৩. ০০.০০.০০৯.২০১৩-১৪৩ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং উক্ত বিভাগীয় মামলায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তিনি জবাব দাখিল করেন ; এবং

যেহেতু, জনাব হারুন-অর-রশীদ, নির্বাহী প্রকৌশলী হিসেবে উল্লিখিত সঞ্চয়ী হিসাবের টাকা উত্তোলন ও জমা প্রদানকারী কর্মকর্তা হওয়ায় আনীত অভিযোগটি তাঁর উপরে বর্তায় বিধায় তিনি অভিযোগে আনীত সমপরিমাণ টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করেন মর্মে তাঁর জবাবে উল্লেখ করেন এবং টাকা জমা প্রদানের চালানের কপি দাখিল করেন ; এবং

যেহেতু, জনাব হারুন-অর-রশীদ এর জবাবের প্রেক্ষিতে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং ব্যক্তিগত শুনানী শেষে তাঁর বক্তব্য, দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক দেখা যায় তিনি অভিযোগে আনীত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেছেন বিধায় নির্বাহী প্রকৌশলী জনাব হারুন-অর-রশীদ এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় এ বিভাগের ০২-০৬-২০১৩ তারিখের ৪৬.০৬৭.০০৩. ০০.০০.০০৯.২০১৩-৩৩৬ নম্বর স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২) (বি) বিধি অনুসারে বার্ষিক বেতন বৃদ্ধি ২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ড আরোপ করে মামলা নিষ্পত্তি করা হয়েছে ;

যেহেতু, জনাব মোঃ মাজহারুল আলম তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আরোপিত শাস্তির বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১৮ মোতাবেক আপীল দাখিল করেন এবং উক্ত আপীলের প্রেক্ষিতে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় ; এবং

যেহেতু, জনাব মোঃ মাজহারুল আলম এর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য ও রেকর্ডসমূহ পর্যালোচনান্তে দেখা যায়, এলজিউডির কুমিল্লা জেলার তৎকালীন নির্বাহী প্রকৌশলী জনাব হারুন-অর-রশীদ ৩০-১২-২০১২ তারিখে চালানের মাধ্যমে ৩৮,৯৪,৭৩৫/১৩ (আটত্রিশ লক্ষ চুরানব্বই হাজার সাতশ পঁত্রিশ টাকা তের পয়সা) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেন বিধায় সরকারি অর্থ আত্মসাৎ করা হয়নি এবং জনাব মাজহারুল আলমের বিরুদ্ধে আনীত দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে প্রতীয়মান হয় ; এবং

যেহেতু, জনাব মোঃ মাজহারুল আলম এর বিরুদ্ধে আনীত দুর্নীতির অভিযোগ প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২) (বি) বিধি অনুযায়ী তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারীর তারিখ হতে পরবর্তী "২(দুই) বছরের জন্য স্থগিত রাখার" লঘুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয় ; এবং

সেহেতু, এক্ষণে জনাব মোঃ মাজহারুল আলম, ল্যাবরেটরী টেকনিশিয়ান, এলজিইডি, পটুয়াখালী (সাবেক কর্মস্থল নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, কুমিল্লাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২) (বি) বিধি অনুযায়ী বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারীর তারিখ হতে পরবর্তী "২(দুই) বছরের জন্য স্থগিত রাখার" লঘুদণ্ড আরোপ করে চাকুরীতে সপদে পুনর্বহাল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু আলম মোঃ শহিদ খান**
সচিব।

---

**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ জুলাই ২০১৩

নং **পৌর-২/৪৬.০৬৪.০৩২.৪৪.০৩.২৮৬.২০১১/১২০২**—যেহেতু, জনাব মোঃ মজিবুর রহমান, ঝালকাঠী জেলার নলছিটি পৌরসভায় নির্বাচিত হয়ে শপথ গ্রহণপূর্বক পৌর মেয়র হিসাবে দায়িত্ব গ্রহণ করেন;

যেহেতু, সূর্যপাশা সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে মোনাই বাড়ী হয়ে পুলেরহাট বাজার পর্যন্ত রাস্তা কার্পেটিং কাজে প্রাক্কলন অনুযায়ী কাজ না করে সরকারি অর্থ আত্মসাৎ করেছেন;

যেহেতু, উন্নয়ন প্রকল্প বাছাই ও বাস্তবায়ন নীতিমালায় নিষেধ থাকা সত্ত্বেও ২০১০-১১ অর্থ বছরের এডিপি-এর অর্থ দ্বারা বেআইনিভাবে মাটির কাজ করে ক্ষমতার অপব্যবহার করেছেন,

যেহেতু, সূর্যপাশা সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে মোনাই বাড়ী হয়ে পুলেরহাট বাজার পর্যন্ত রাস্তা কার্পেটিং কাজে প্রাক্কলন অনুযায়ী কাজ না করে সরকারি অর্থ আত্মসাৎ এবং উন্নয়ন প্রকল্প

বাছাই ও বাস্তবায়ন নীতিমালায় নিষেধ থাকা সত্ত্বেও ২০১০-১১ অর্থ বছরের এডিপি-এর অর্থ দ্বারা বেআইনিভাবে মাটির কাজ করা সম্পর্কিত অভিযোগ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, সূর্যপাশা সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে মোনাই বাড়ী হয়ে পুলেরহাট বাজার পর্যন্ত রাস্তা কার্পেটিং কাজে প্রাক্কলন অনুযায়ী কাজ না করে সরকারি অর্থ আত্মসাৎ এবং উন্নয়ন প্রকল্প বাছাই ও বাস্তবায়ন নীতিমালায় নিষেধ থাকা সত্ত্বেও ২০১০-১১ অর্থ বছরের এডিপি-এর অর্থ দ্বারা বেআইনিভাবে মাটির কাজ করার বিষয়ে তাঁকে কারণ দর্শানো হলে, তাঁর প্রেরিত কারণ দর্শানো জবাব কর্তৃপক্ষের নিকট যথাযথ এবং সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়নি;

যেহেতু, এরূপ অভিযোগের কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(ঘ) বিধান মতে পৌর মেয়রকে স্বীয় পদ হতে অপসারণের বিধান রয়েছে;

যেহেতু, সরকার জনাব মোঃ মজিবুর রহমান, মেয়র, নলছিটি পৌরসভা, ঝালকাঠী-কে অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(ঘ) বিধান মোতাবেক ঝালকাঠী জেলার নলছিটি পৌরসভার মেয়র জনাব মোঃ মজিবুর রহমান-কে মেয়র পদ হতে অপসারণ করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেহানা ইয়াছমিন**
উপ-সচিব।

---

**পানি সরবরাহ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ জুলাই ২০১৩

**নং ৪৬.০৮৪.০১৮.০৩.০০.০০৫.২০১১(অংশ-১)-৩১২**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬নং আইন) এর ৭ (১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে পানি ব্যবহারকারী প্রতিনিধি হিসাবে খুলনা ওয়াসা বোর্ডের সদস্য জনাব তালুকদার আবদুল খালেক, ৩৩ মুন্সিপাড়া, ৩য় গলি, খুলনা-৯১০০-কে খুলনা ওয়াসা বোর্ডের চেয়ারম্যান নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খাইরুল ইসলাম**
উপ-সচিব(পাস-১)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১৮ আগস্ট ২০১৩

**নং বিচার-৭/২এন-৯/২০১২-৭১৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ জরীফ উদ্দীন, পিতা মরহুম মাওঃ মোহাম্মদ তাহির আলী, মাতা রুপজান বিবি, গ্রাম নিহাইন, ডাকঘর ডৌবাড়ী, উপজেলা গোয়াইনঘাট, জেলা সিলেট।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার ৯নং ডৌবাড়ী ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৬ সেপ্টেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৪২/২০১৩-৮৫২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ মজিবুর রহমান, পিতা মৃত তাহছেন আলী, গ্রাম মির্জাকান্দা, ডাকঘর মোগলটুলা, উপজেলা মুক্তাগাছা, জেলা ময়মনসিংহ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার ২নং বড়গ্রাম ইউনিয়নের ৬, ৭, ৮ ও ৯নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২২ অক্টোবর ২০১৩

**নং বিচার-৭/২এন-৮/৯৩(অংশ)-১২০৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ খাইরুল আমিন, পিতা মোঃ রুহুল আমিন, মাতা মোসাঃ সিরিয়া বেগম, ক-১৪/৩-বি কালাচাঁদপুর, গুলশান, ঢাকা-১২১২) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা সিটি কর্পোরেশন উত্তর এর ১৮ নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ অক্টোবর ২০১৩

**নং আর-৬/১এম-১/২০০৫-৪২৭**—১৯০৮ সালের রেজিস্ট্রেশন আইনের ৫ ধারার ১ উপ-ধারা অনুসারে সরকার ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলায় নবগঠিত পাগলা থানার পাগলা ক্যাম্প সাব-রেজিস্ট্রী অফিসটি পাগলা সাব-রেজিস্ট্রী অফিস নামে স্থায়ী অফিস স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিলেন।

এ প্রজ্ঞাপন দ্বারা ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলায় নবগঠিত পাগলা থানার পাগলা সাব-রেজিস্ট্রী অফিস স্থাপন সংক্রান্ত ইতিপূর্বে জারীকৃত সকল আদেশ/প্রজ্ঞাপন/বিজ্ঞপ্তি বাতিল করা হইল।

জনস্বার্থে এ আদেশ জারী করা হইল। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

**অরূপ কুমার গোস্বামী**
উপ-সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**অধিশাখা-১০**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৬ অক্টোবর ২০১৩

**নং শাখা-১০/এপি-বি-৫/৮৬/৩৪৬**—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০৯-১০-২০০৬ খ্রিঃ তারিখের নং শা-১০/এপি-বি-৫/৮৬/৩৯৫ বিজ্ঞপ্তি মারফত সেটেলমেন্ট কোর্টের ৮৯৭/৮৭ নং মামলার রায় এবং মহামান্য হাইকোর্টের ৩৯২৫/২০০৬ নং রিট মামলার রায় বাস্তবায়নার্থে ২৩ শে সেপ্টেম্বর ১৯৮৬ সালে বাংলাদেশ গেজেটের পাতা নং ৯৭৬৪ (১৫) ক্রমিক নং ১২ এ প্রকাশিত পরিত্যক্ত সম্পত্তির "খ" তালিকা হইতে বাড়ী নং ৬/২৫, ব্লক-বি, মোহাম্মদপুর, ঢাকা অবমুক্ত হয়। বিজ্ঞপ্তিতে সেটেলমেন্ট কোর্টের মামলা নম্বর ভুলক্রমে ৮৬৭/৮৭ এর পরিবর্তে ৮৯৭/৮৭ লেখা হইয়াছিল যাহা অত্র বিজ্ঞপ্তি মারফত সংশোধন করা হইল। প্রকৃত পক্ষে সেটেলমেন্ট কোর্টের মামলা নং ৮৬৭/৮৭ হইবে। বিজ্ঞপ্তিটির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকিবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আকবর হোসেন**
যুগ্ম-সচিব।।

---

**শিক্ষা মন্ত্রণালয়**

**অধিশাখা-৯**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ কার্তিক ১৪২০/২২ অক্টোবর ২০১৩

**নং শাঃ-৯/সঃকঃ-২০/২০১৩/৫১৫**—টাঙ্গাইল জেলার সদর উপজেলাধীন "শেখ ফজিলাতুন নেসা মুজিব মহিলা মহাবিদ্যালয়" টি ১১-১০-২০১৩ তারিখ হতে জাতীয়করণ করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাকিউন নাহার বেগম**
উপ-সচিব।